গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি (এনএপিডি)
৩/এ, নীলক্ষেত, ঢাকা-১২০৫।
www.napd.gov.bd

**এনএপিডির ২০২৩-২৪ অর্থবছরের এপিএ-এর মাসিক (ফেব্রুয়ারি ২০২৪) অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী**

| | |
|---|---|
| সভাপতি | মোঃ আব্দুল মোতালেব সরকার<br>অতিরিক্ত মহাপরিচালক (যুগ্মসচিব) |
| সভার তারিখ | ১২ ফেব্রুয়ারী ২০২৪ |
| সভার সময় | সকাল ১১.০০ ঘটিকা |
| স্থান | এনএপিডি'র বোর্ড রুম |
| উপস্থিতি | ড. মোঃ নুরুজ্জামান (পরিচালক-গবেষণা ও প্রকাশনা) এনএপিডি;<br>ড. প্রকৌ. মোঃ আব্দুর রশিদ (পরিচালক-প্রশাসন ও অর্থ) এনএপিডি; জনাব মোহাম্মদ হাসান তারিক, পরিচালক (প্রশিক্ষণ), এনএপিডি;<br>জনাব মোহাম্মদ আনোয়ার হোসেন, প্রধান প্রশিক্ষক-০৩, এনএপিডি;<br>জনাব মোঃ মঈনুল হাসান চৌধুরী (উপপরিচালক-প্রশাসন) এনএপিডি;<br>জনাব মোহাম্মদ জিয়াউর রহমান, সহযোগী প্রশিক্ষক-০২, এনএপিডি;<br>জনাব মোঃ নুরুল আমিন, সহকারী প্রোগ্রামার, এনএপিডি;<br>জনাব দীপায়ন চক্রবর্তী (সহকারী পরিচালক), এনএপিডি। |

সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে একাডেমির সহকারী পরিচালক জনাব দীপায়ন চক্রবর্তী সভার কর্মপত্র উপস্থাপন করেন। বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত সমূহ গৃহিত হয়-

| ক্র.নং | কার্যক্রম | আলোচনা | সভার সিদ্ধান্ত | দায়িত্ব |
|---|---|---|---|---|
| ০১ | জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক এনএপিডির ২০২৩-২৪ অর্থবছরের এপিএ'র অর্ধ-বার্ষিক প্রতিবেদন মূল্যায়ন | জনপ্রশাসন মন্ত্রণালয়ের সংযুক্ত দপ্তর/সংস্থার ২০২৩-২৪ অর্থবছরের এপিএ'র অর্ধ-বার্ষিক ফলাবর্তক প্রদান সভা গত ৩০/০১/২০২৪ তারিখে জনপ্রশাসন মন্ত্রণালয়ে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় এনএপিডির অর্ধ-বার্ষিক অগ্রগতি মূল্যায়ন প্রতিবেদনের উপর আলোচনা শেষে যেসকল সিদ্ধান্তসমূহ গৃহীত হয় তার উপর সভায় বিস্তারিত আলোচনা হয়। লক্ষ্যমাত্রা অর্জন ও অর্জনের গুণগত মান নিশ্চিতে আরও সচেষ্ট থাকার এবং APAMS Software-এর মন্তব্য কলামে অগ্রগতি/ব্যাখ্যা প্রদান করার বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়। | বার্ষিক কর্মপরিকল্পনা ২০২৩-২৪ -এ প্রদত্ত নির্দেশনা অনুযায়ী লক্ষ্যমাত্রা অর্জন ও অর্জনের গুণগত মান নিশ্চিত করতে হবে এবং আবশ্যিকভাবে -এর মন্তব্য কলামে অগ্রগতি/ব্যাখ্যা প্রদান করে ত্রৈমাসিক প্রতিবেদন দাখিল করতে হবে। | পরিচালক (গবেষণা ও প্রকাশনা), পরিচালক (প্রশাসন ও অর্থ) এবং পরিচালক (প্রশিক্ষণ) |

| | | | | |
|---|---|---|---|---|
| ০২ | [১.১.৩] উন্নয়ন প্রশাসন/ প্রকল্প ব্যবস্থাপনা কোর্সে প্রশিক্ষিত কর্মকর্তা | উন্নয়ন প্রশাসন/প্রকল্প ব্যবস্থাপনা কোর্স সংশ্লিষ্ট বিষয়ে আলোচনায় প্রকল্প ব্যবস্থাপনা কোর্সের জন্য প্রশিক্ষণার্থী মনোনয়ন চেয়ে জনপ্রশাসন মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়েছে মর্মে পরিচালক (প্রশিক্ষণ) সভাকে অবহিত করেন। এ বিষয়ে দ্রুত ফলোআপ করা প্রয়োজন মর্মে সভায় আলোচনা হয়। | প্রকল্প ব্যবস্থাপনা কোর্সের জন্য প্রশিক্ষণার্থী মনোনয়ন চেয়ে জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরিত পত্রের আলোকে ফলোআপ করতে হবে এবং দ্রুততম সময়ের মধ্যে উক্ত প্রশিক্ষণ কোর্স বাস্তবায়ন করতে হবে। | পরিচালক (প্রশিক্ষণ) |
| ০৩ | [১.১.৬] প্রশিক্ষণ বর্ষপঞ্জি প্রকাশ | প্রশিক্ষণ বর্ষপঞ্জি ২০২৪-২৫ তৈরী বিষয়ে জানুয়ারি ২০২৪ পর্যন্ত প্রশিক্ষণ অনুবিভাগ কর্তৃক মোট ০৩টি সভা আয়োজিত হয়েছে মর্মে সভাকে অবহিত করা হয়। লক্ষ্যমাত্রা অর্জনের গুণগত মান নিশ্চিতকরণ এবং প্রশিক্ষণ বর্ষপঞ্জি প্রকাশের জন্য প্রকিউরমেন্ট সংক্রান্ত কার্যক্রম সম্পন্নের প্রয়োজনে আগামী ১৫/০৪/২০২৪ সময়ের মধ্যে একাডেমির প্রশিক্ষণ বর্ষপঞ্জি সংশ্লিষ্ট প্রশিক্ষণ অনুবিভাগের কাজ চূড়ান্তকরণের বিষয়ে সভায় গুরুত্বের সাথে আলোচনা হয়। | আগামী ১৫/০৪/২০২৪ তারিখের মধ্যে একাডেমির প্রশিক্ষণ বর্ষপঞ্জি সংশ্লিষ্ট প্রশিক্ষণ অনুবিভাগের কাজ চূড়ান্ত করে তা প্রকাশের জন্য প্রশাসন ও অর্থ অনুবিভাগকে প্রদান করতে হবে। | পরিচালক (প্রশিক্ষণ) |
| ০৪ | [২.২.১] এনএপিডির নতুন সাংগঠনিক কাঠামোর খসড়া প্রণয়ন ও জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ | গত ০২/১১/২০২৩ তারিখে একাডেমির কর্মকর্তা/কর্মচারীদের অংশগ্রহণে মহাপরিচালক (সরকারের সচিব) মহোদয়ের সভাপতিত্বে আয়োজিত সভায় প্রাপ্ত মতামতের ভিত্তিতে পুনরায় সংশোধন করে এনএপিডির নতুন সাংগঠনিক কাঠামোর খসড়া জনপ্রশাসন মন্ত্রণালয়ে দ্রুত প্রেরণের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। এ বিষয়ে মূল দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা একাডেমির সিস্টেম এনালিস্ট -কে পত্র দেয়া যেতে পারে। | এনএপিডির নতুন সাংগঠনিক কাঠামোর খসড়া জনপ্রশাসন মন্ত্রণালয়ে দ্রুত প্রেরণের নিমিত্ত উক্ত খসড়া আগামী ২৮/০২/২০২৪ তারিখের মধ্যে চূড়ান্তকরণের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা একাডেমির সিস্টেম এনালিস্ট-কে পত্র প্রেরণ করতে হবে। | পরিচালক (প্র. ও অর্থ), উপপরিচালক (প্র.) ও |
| ০৫ | [২.২.২] শূন্য পদ পূরণের উদ্দেশ্যে নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ (০১/০৪/২০২৩ থেকে ৩১/০৩/২০২৪ পর্যন্ত সময়ে শুন্য হওয়া পদ সমূহ) | শূন্য পদ পূরণের উদ্দেশ্যে জনপ্রশাসন মন্ত্রণালয় থেকে প্রাপ্ত ছাড়পত্র অনুযায়ী নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করার বিষয়ে সভায় আলোচনা হয়। | শূন্য পদ পূরণের উদ্দেশ্যে জনপ্রশাসন মন্ত্রণালয় থেকে প্রাপ্ত ছাড়পত্র অনুযায়ী নিয়োগ বিজ্ঞপ্তি দ্রুততম সময়ের মধ্যে প্রকাশ করতে হবে। | পরিচালক (প্র. ও অর্থ), ও উপপরিচালক (প্র.) |
| ০৬ | [২.২.৩] এনএপিডির বোর্ড অব গর্ভনরস এর সভা আয়োজিত | গত ১০/০৯/২০২৩ তারিখে একটি সভা আয়োজিত হয়েছে মর্মে সভাকে অবহিত করা হয়। আগামী মে ২০২৪ মাসের ১ম সপ্তাহে বাকি ০১টি বোর্ড অব গর্ভনরস-এর সভা আয়োজন করার বিষয়ে সভায় আলোচনা হয়। | আগামী মে ২০২৪ মাসের ১ম সপ্তাহে বোর্ড অব গর্ভনরস-এর সভা আয়োজন করার বিষয়ে একাডেমির মহাপরিচালক (সরকারের সচিব) মহোদয়ের নির্দেশনা নিতে হবে। | পরিচালক (প্র. ও অর্থ), ও উপপরিচালক (প্র.) |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৭ | [২.২.৬] একাডেমির অভ্যন্তরীণ অডিট সম্পন্ন | জনাব মৌফুল নাহার (প্রশিক্ষক); জনাব মোহাম্মদ জিয়াউর রহমান (সহযোগী প্রশিক্ষক); এবং জনাব মোঃ আবুল হোসেন (প্রশিক্ষণ কর্মকর্তা) -এর সমন্বয়ে গঠিত কমিটি আগামী ১৯/০২/২০২৪ তারিখ বা তার পূর্বে প্রতিবেদন জমা প্রদান করতে পারেন মর্মে সভায় আলোচনা হয়। উল্লেখ্য, আগামী ২৪/০২/২০২৪ তারিখ একাডেমির অভ্যন্তরীণ অডিট সম্পন্ন করার চূড়ান্ত তারিখ হিসেবে এপিএ-তে ধার্য রয়েছে। | আগামী ২০/০২/২০২৪ তারিখ বা তার পূর্বে প্রতিবেদন মহাপরিচালক (সরকারের সচিব) মহোদয় বরাবর জমা প্রদান করতে হবে। কমিটিকে তাগিদপত্র প্রদান করতে হবে। | সংশ্লিষ্ট কমিটির সদস্যবৃন্দ |
| ০৮ | [৩.১.১] ন্যূনতম ০২ (দুই)টি গবেষণার সর্বশেষ প্রেজেন্টেশন (Final Presentation) সম্পন্ন | ন্যূনতম ০২ (দুই)টি গবেষণার সর্বশেষ প্রেজেন্টেশন (Final Presentation) আগামী ১৫/০৬/২০২৪ তারিখের মধ্যে সম্পন্ন করার জন্য একাডেমির এপিএ-তে সময় নির্ধারিত রয়েছে। তবে লক্ষ্যমাত্রা অর্জনের গুণগত মান নিশ্চিতের প্রয়োজনে আগামী ১৫/০৫/২০২৪ তারিখের মধ্যে একাডেমির গবেষণা ও প্রকাশনা অনুবিভাগকে কার্যক্রম সম্পন্ন করতে হবে মর্মে সভায় গুরুত্বের সাথে আলোচনা হয়। | আগামী ১৫/০৫/২০২৪ তারিখের মধ্যে ন্যূনতম ০২ (দুই)টি গবেষণার সর্বশেষ প্রেজেন্টেশন (Fina Presentation) সম্পন্ন করতে হবে। এ বিষয়ে একাডেমির গবেষণা ও প্রকাশনা অনুবিভাগকে পত্র প্রেরণ করতে হবে। | পরিচালক (গ, ও প্র.) এবং পরিচালক (প্র. ও অর্থ) |
| ০৯ | [৩.২.১] বার্ষিক জার্নাল প্রকাশিত | বার্ষিক জার্নালের জন্য আর্টিক্যাল আহবান করার পর মোট ১৩টি আর্টিক্যাল পাওয়া গিয়েছে। উক্ত আর্টিক্যালসমূহ মূল্যায়ন করার জন্য নির্ধারিত মূল্যায়নকারীর নিকট প্রেরণের কাজ গবেষণা ও প্রকাশনা অনুবিভাগ শুরু করেছে মর্মে পরিচালক (গবেষণা ও প্রকাশনা) মহোদয় সভাকে অবহিত করেন। উল্লেখ্য, আগামী ২৫/০৬/২০২৪ তারিখের মধ্যে বার্ষিক জার্নাল প্রকাশ করার লক্ষ্যমাত্রা রয়েছে। তবে লক্ষ্যমাত্রা অর্জনের গুণগত মান নিশ্চিতকরণ এবং জার্নাল প্রকাশের জন্য প্রকিউরমেন্ট সংক্রান্ত কার্যক্রমের প্রয়োজনে আগামী ১৫/০৫/২০২৪ তারিখের মধ্যে একাডেমির গবেষণা ও প্রকাশনা অনুবিভাগকে বার্ষিক জার্নালের কার্যক্রম সম্পন্ন করে তা প্রশাসন ও অর্থ অনুবিভাগে প্রেরণ করতে হবে মর্মে সভায় গুরুত্বের সাথে আলোচনা হয়। | আগামী ১৫/০৫/২০২৪ তারিখের মধ্যে একাডেমির গবেষণা ও প্রকাশনা অনুবিভাগকে বার্ষিক জার্নালের কার্যক্রম সম্পন্ন করে তা প্রশাসন ও অর্থ অনুবিভাগে প্রেরণ করতে হবে এবং এ বিষয়ে গবেষণা ও প্রকাশনা অনুবিভাগকে পত্র প্রেরণ করতে হবে। | পরিচালক (গ, ও প্র.) এবং পরিচালক (প্র. ও অর্থ) |

| | | | | |
|---|---|---|---|---|
| ১০ | সংযোজনী ৪ [১.৫] কর্ম-পরিবেশ উন্নয়ন কার্যক্রমের আওতায় নথি বিনষ্টকরণ | কর্ম-পরিবেশ উন্নয়ন বিষয়ক লক্ষ্যমাত্রায় আগামী ৩১/০৩/২০২৪ তারিখের মধ্যে নথি বিনষ্টকরণ কার্যক্রম সম্পন্ন করতে হবে মর্মে সভাকে অবহিত করা হয়। এ বিষয়ে একাডেমির তিন অনুবিভাগের নথিসমূহ পর্যালোচনা করে বিনষ্টকরা প্রয়োজন এমন নথির তালিকা তৈরি করা এবং এ বিষয়ে মহাপরিচালক (সরকারের সচিব) মহোদয়ের অনুমতিক্রমে বিনষ্টকরণ প্রক্রিয়া সম্পন্ন করার জন্য একটি কমিটি গঠন করা যেতে পারে মর্মে সভায় আলোচনা হয়। | কর্ম-পরিবেশ উন্নয়ন বিষয়ক লক্ষ্যমাত্রায় আগামী ২০/০৩/২০২৪ তারিখের মধ্যে নথি বিনষ্টকরণ কার্যক্রম সম্পন্ন করার জন্য নিম্নোক্তভাবে একটি কমিটি গঠন পূর্বক উক্ত কমিটির ToR নির্ধারণ করে অফিস আদেশ জারি করতে হবে। | পরিচালক (প্র. ও অর্থ) |
| ১১ | সংযোজনী ৪ [২.২] অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার যথাযথ বাস্তবায়ন (রাজস্ব এবং উন্নয়ন বাজেটর) | ক্রমপুঞ্জীভুত লক্ষ্যমাত্রা ১ম ত্রৈমাসিক ৫%; ২য় ত্রৈমাসিক ১৫%; ৩য় ত্রৈমাসিক ৩০%; এবং ৪র্থ ত্রৈমাসিক ৯০% রয়েছে। তন্মধ্যে ২য় ত্রৈমাসিক সময় পর্যন্ত ক্রমপুঞ্জীভুত অর্জন ১৫.০৯%। ৩য় ত্রৈমাসিক সময় শেষে ক্রমপুঞ্জীভুত লক্ষ্যমাত্রা রয়েছে ৩০% রয়েছে। এছাড়াও প্রমাণক হিসেবে নৈতিকতা কমিটির সভাপতি কর্তৃক স্বাক্ষরিত ক্রয়কার্য সংশ্লিষ্ট ডকুমেন্ট থাকতে হবে মর্মে সভাকে অবহিত করা হয়। | ৩য় ত্রৈমাসিক সময়ের মধ্যে ক্রমপুঞ্জীভুত লক্ষ্যমাত্রা রয়েছে ৩০% অর্জনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং এ বিষয়ে মহাপরিচালক (সরকারের সচিব) মহোদয়ের নির্দেশনা গ্রহণ করতে হবে। | পরিচালক (প্র. ও অর্থ) ও উপপরিচালক (প্র.) |
| ১২ | সংযোজনী ৪ [৩.৪] লাইব্রেরীতে দুর্নীতি প্রতিরোধ বিষয়ক কর্ণার স্থাপন। | লাইব্রেরীতে দুর্নীতি প্রতিরোধ বিষয়ক কর্নার স্থাপন করার বিষয়ে সভায় আলোচনা হয়। উক্ত কর্নারে দুর্নীতি প্রতিরোধ বিষয়ক পুস্তক, ম্যাগাজিন, লিফলেট ইত্যাদি রাখা যেতে পারে। আগামী ৩০/০৬/২০২৪ তারিখের মধ্যে লক্ষ্যমাত্রা অর্জন করতে হবে মর্মে সভাকে অবহিত করা হয়। | লক্ষ্যমাত্রার গুণগত মান নিশ্চিতের প্রয়োজনে নির্ধারিত সময়ের পূর্বেই দ্রুততম সময়ে লাইব্রেরীতে দুর্নীতি প্রতিরোধ বিষয়ক কর্নার স্থাপন করতে হবে। | পরিচালক (গ, ও প্র.) পরিচালক (প্র. ও অর্থ), এবং লাইব্রেরিয়ান |
| ১৩ | সংযোজনী ৪ [৩.৫] এনএপিডির স্থাবর সম্পত্তির বিবরণী তৈরী | এনএপিডির স্থাবর সম্পত্তির বিবরণী তৈরী করার জন্য গঠিত কমিটিকে আগামী ২০/০৩/২০২৪ তারিখের মধ্যে প্রতিবেদন প্রদান করার জন্য আহবান করা যেতে পারে মর্মে সভায় আলোচনা হয়। | এনএপিডির স্থাবর সম্পত্তির বিবরণী তৈরী করার জন্য গঠিত কমিটিকে আগামী ২০/০৩/২০২৪ তারিখের মধ্যে প্রতিবেদন প্রদান করার জন্য পত্র দিতে হবে। | পরিচালক (প্র. ও অর্থ), ও উপপরিচালক (প্র.) |
| ১৪ | সংযোজনী ৪ [৩.৬] এনএপিডির পেনশনারদের ডাটাবেজ তৈরী | একাডেমির সিস্টেম এনালিস্ট, উপপরিচালক (প্রশাসন), সহকারী প্রোগ্রামার, হিসাব রক্ষণ কর্মকর্তা, এবং নির্বাহী কর্মকর্তার সমন্বয়ে একটি কমিটি গঠন করা হয়েছে মর্মে সভাকে অবহিত করা হয়। | এনএপিডির এনএপিডির পেনশনারদের ডাটাবেজ তৈরী করার জন্য গঠিত কমিটিকে আগামী ২০/০৩/২০২৪ তারিখের মধ্যে প্রতিবেদন প্রদান করার জন্য পত্র দিতে হবে। | পরিচালক (প্র. ও অর্থ), ও উপপরিচালক (প্র.) |
| ১৫ | সংযোজনী ৫ [৪.১.১] ই-ফাইলে নোট নিস্পত্তিকৃত | ১ম ত্রৈমাসিক সময়ে মোট ৮৮.৩৫% নোট ডি-নথি নিস্পত্তি হয়েছে এবং ২য় ত্রৈমাসিক সময়ে মোট ৮৮.০৬% নোট ডি-নথি নিস্পত্তি হয়েছে মর্মে সভাকে অবহিতকরা হয়। তবে একাডেমির সকল অনুবিভাগকে ডি-নথি ব্যবহারের মাধ্যমে নথি নিস্পত্তিকরণের জন্য পত্র প্রেরণ করার উপর সভায় গুরুত্বারোপ করা হয়। | একাডেমির সকল অনুবিভাগকে ডি-নথি ব্যবহারের মাধ্যমে নথি নিস্পত্তিকরণের জন্য পত্র প্রেরণ করতে হবে। | পরিচালক (প্র. ও অর্থ), ও উপপরিচালক (প্র.) |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৬ | এপিএ বাস্তবায়ন অগ্রগতি বিষয়ক মাসিক পর্যালোচনা সভা আহবান | প্রতি মাসের একাডেমির অতিরিক্ত মহাপরিচালক (যুগ্মসচিব) মহোদয়ের সভাপতিত্বে এপিএ বাস্তবায়ন অগ্রগতি বিষয়ক মাসিক পর্যালোচনা সভা আহবান করার বিষয়ে আলোচনা হয়। | প্রতি মাসের ১ম সোমবার (যদি ওই দিন সকারী ছুটির দিন থাকে তবে পরের দিন অর্থাৎ মঙ্গলবার) একাডেমির অতিরিক্ত মহাপরিচালক (যুগ্মসচিব) মহোদয়ের সভাপতিত্বে এপিএ বাস্তবায়ন অগ্রগতি বিষয়ক মাসিক পর্যালোচনা সভা আহবান করতে হবে। | উপপরিচালক (প্রশাসন) ও সহকারী পরিচালক |

০২। সভাপতি উপস্থিত সদস্যবৃন্দকে সভায় সময় প্রদান করার জন্য আন্তরিকভাবে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানান। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৮-০২-২০২৪
মোঃ আব্দুল মোতালেব সরকার
অতিরিক্ত মহাপরিচালক (যুগ্মসচিব)

**নম্বর:** ০৫.৮৮.০০০০.০০৯.৩৪.০০১.২৩.৭

তারিখ: ৫ ফাল্গুন ১৪৩০ বঙ্গাব্দ
১৮ ফেব্রুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। পরিচালক, গবেষণা ও প্রকাশনা অনুবিভাগ, জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি (এনএপিডি);
২। পরিচালক, প্রশাসন ও অর্থ অনুবিভাগ, জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি (এনএপিডি);
৩। পরিচালক, প্রশিক্ষণ অনুবিভাগ, জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি (এনএপিডি);
৪। সিস্টেম এনালিষ্ট, আইসিটি অধিশাখা, জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি (এনএপিডি);
৫। প্রধান প্রশিক্ষক-২, প্রশিক্ষণ-২ অধিশাখা, জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি (এনএপিডি);
৬। প্রধান প্রশিক্ষক-৩, প্রশিক্ষণ-৩ অধিশাখা, জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি (এনএপিডি);
৭। উপপরিচালক, প্রশাসন ও অর্থ অধিশাখা, জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি (এনএপিডি);
৮। সহযোগী প্রশিক্ষক-২, প্রশিক্ষণ-২ শাখা, জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি (এনএপিডি);
৯। সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি (এনএপিডি);
১০। সহকারী পরিচালক, প্রশাসন ও অর্থ অধিশাখা, জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি (এনএপিডি);
১১। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, মহাপরিচালকের দপ্তর, জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি (এনএপিডি) এবং
১২। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি (এনএপিডি)।

১৮-০২-২০২৪
দীপায়ন চক্রবর্তী পার্থ
সহকারী পরিচালক